

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
www.dakop.khulna.gov.bd

দাকোপ উপজেলার আইসিটি কমিটির জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জয়দেব চক্রবর্তী
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
তারিখ : ২০ জুলাই, ২০২৩
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রধানমন্ত্রীর ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। সভায় আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার নির্দেশনা প্রদান করা হয়।

১. শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ইউডিসি পরিদর্শন সংক্রান্তঃ

পরিদর্শনকৃত ল্যাবের সংখ্যা	পরিদর্শনকৃত ইউডিসির সংখ্যা
০৫	০২

২. ইউডিসির আয় ও সেবা সংক্রান্তঃ


ক্রম	ইউডিসির সংখ্যা	ইউডিসির আয়	ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা
০১	০৯	৪২,৩০০/-	১০১৫ জন

৩. সভার আলোচনা ও সিদ্ধান্তঃ

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ	উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল দপ্তর প্রধানগণ
০২	ডি-নথির কার্যক্রম পরিচালনা	সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ডি-নথির কার্যক্রম অব্যাহত রাখা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করা হয়। প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান কর্তৃক নিজ উদ্যোগে ডি-নথির কার্যক্রম পরিচালিত করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল দপ্তর প্রধানগণ
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের কার্যক্রম তদারকি	উপজেলায় তেরটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত হয়েছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষণিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রত্যেক ল্যাবসংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে ০৪ জন শিক্ষককে আইসিটির বিভিন্ন ট্রাবলশুটিং এর উপর ১০ দিনের ০২ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে, প্রশিক্ষণলব্ধ জ্ঞান ছাত্র/ছাত্রীদের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য শিক্ষকদের প্রতি অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার এবং অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ল্যাবসংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, দাকোপ, খুলনা।

০৪	অন্যান্য	<p>১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীরা উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এদের মধ্যে তিনটি গুপের ১ম স্থান অর্জনকারীদের তথ্য জেলায় প্রেরণ করা হয়। ভবিষ্যতে এরকম কর্মকাণ্ডে দাকোপ উপজেলার শিক্ষার্থীরা আরও বেশি করে অংশগ্রহণ করবে মর্মে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>সভায় সকল ইউডিসির উদ্যোক্তাদের আরও বেশি দায়িত্ব নিয়ে জনগণকে সেবা দেয়ার অনুরোধ জানানো হয়।</p>	<p>উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামার, দাকোপ, খুলনা।</p>
----	----------	---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



 (জয়দেব চক্রবর্তী)
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি
 উপজেলা আইসিটি কমিটি
 দাকোপ, খুলনা।
 ই-মেইল : unodacope@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭১৭.০০১.৩৩.০০১.২৩- ৪১১

তারিখ : ২৩/০৭/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মাননীয় সংসদ সদস্য, খুলনা-১ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, দাকোপ, খুলনা।
২. জেলা প্রশাসক, খুলনা।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, দাকোপ, খুলনা।
৫. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খুলনা।
৬. উপজেলা.....কর্মকর্তা, দাকোপ, খুলনা।
৭. চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..... কলেজ/মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা, দাকোপ, খুলনা।
৯. উদ্যোক্তা..... ইউডিসি, দাকোপ, খুলনা।


 (সমীর বিশ্বাস)
 ২৩.০৭.২০২৩

সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব

উপজেলা আইসিটি কমিটি